

৪। যে সকল করদাতা উপরি-উল্লিখিত বেতন ভাতাদি আদেশসমূহের আওতায় বেতন আয় প্রাপ্ত হননা, তাদের বেতন আয় নিরূপনের ক্ষেত্রে এস,আর,ওনং২১১-আইন/আয়কর/২০১৭ প্রযোজ্য হবে না। তাদের বেতন আয় নিরূপনের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধানাবলী এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি-৩৩ প্রযোজ্য হবে।

(সুমন দাস)

দ্বিতীয় সচিব (কর আইন-১)

উদাহরণের সাহায্যে সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর আয় এবং কর পরিগণনা নিম্নে দেখানো হলোঃ

উদাহরণ-১

জনাব নিলয় জলদাশ বাংলাদেশ সচিবালয়ে কর্মরত একজন সরকারি কর্মচারী এবং তার জন্য চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ প্রযোজ্য। ফলে বেতন আয়ের ক্ষেত্রে এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর বিধান প্রযোজ্য হবে।

ধরা যাক, ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত অর্থ বছরে তিনি নিম্নোক্ত হারে বেতন ভাতাদি পেয়েছেন:

মাসিক মূল বেতন	৫৬,৫০০/-
মাসিক চিকিৎসা ভাতা	১,৫০০/-
উৎসব ভাতা	১,১৩,০০০/-
বাংলা নববর্ষ ভাতা	১১,৩০০/-

তিনি সরকারি বাসায় থাকেন। ভবিষ্য তহবিলে তিনি প্রতি মাসে ১৪,০০০ টাকা জমা রাখেন। হিসাব রক্ষণ অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় যে, ৩০ জুন ২০২১ তারিখে ভবিষ্য তহবিলে অর্জিত সুদের পরিমাণ ছিল ১,০৮,৫০০ টাকা। কল্যাণ তহবিলে ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা প্রদান বাবদ প্রতি মাসে বেতন হতে কর্তন ছিল যথাক্রমে ১৫০ ও ১০০ টাকা। এছাড়াও তিনি একটি তফসিলি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কীমে মাসিক ৫,০০০ টাকার কিস্তি জমা করেন।

২০২১-২০২২ কর বছরে জনাব নিলয় জলদাশের মোট আয় এবং করদায় কত হবে তা নিম্নে পরিগণনা করা হলো:

বেতন খাতে আয়

মূল বেতন (৫৬,৫০০ x ১২ মাস)

৬,৭৮,০০০/-

উৎসব ভাতা (৫৬,৫০০ × ২)	১,১৩,০০০/-
চিকিৎসা ভাতা (১,৫০০ × ১২) =	১৮,০০০/-
(সমুদয় অংক ব্যয়ের কারণে করমুক্ত)	
বাংলা নববর্ষ ভাতা ১১,৩০০/- করমুক্ত	
মোট আয়	৭,৯১,০০০/-
কর দায় পরিগণনা	
প্রথম ৩,০০,০০০ টাকা পর্যন্ত 'শূন্য' হার	
পরবর্তী ১,০০,০০০ টাকার উপর ৫% হারে	৫,০০০/-
পরবর্তী ৩,০০,০০০ টাকার উপর ১০% হারে	৩০,০০০/-
অবশিষ্ট ৯১,০০০ টাকার উপর ১৫% হারে	১৩,৬৫০/-
মোট কর দায়	৪৮,৬৫০/-

বিনিয়োগ জনিত আয়কর রেয়াত পরিগণনা

বিনিয়োগের পরিমাণ:

১। ভবিষ্য তহবিলে চাঁদা (১৪,০০০ × ১২)	১,৬৮,০০০/-
২। কল্যাণ তহবিলে চাঁদা (১৫০ × ১২)	১৮০০/-
৩। গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা (১০০ × ১২)	১২০০/-
৪। ডিপোজিট পেনশন স্কিমের কিস্তি (৫,০০০ × ১২)	৬০,০০০/-
মোট বিনিয়োগ =	২,৩১,০০০/-

রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount):

(ক)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ	২,৩১,০০০/-
(খ)	মোট আয় ৭,৯১,০০০/- টাকার ২৫%	১,৯৭,৭৫০/-
(গ)	১,০০,০০,০০০/- (অনুমোদনযোগ্য বিনিয়োগের সর্বোচ্চ সীমা)	
	অনুমোদনযোগ্য অংক (eligible amount) [(ক) বা (খ) বা (গ), এই তিনটির মধ্যে যেটি কম]	১,৯৭,৭৫০/-

কর রেয়াতের পরিমাণ:

করদাতার মোট আয় ১৫ লক্ষ টাকার অধিক না হওয়ায় কর রেয়াতের পরিমাণ হবে

অনুমোদনযোগ্য অংক (eligible amount) ১,৯৭,৭৫০/- এর ১৫%

অর্থাৎ (১,৯৭,৭৫০ × ১৫%) = ২৯,৬৬৩ টাকা।

প্রদেয় করের পরিমাণ (৪৮,৬৫০ - ২৯,৬৬৩) = ১৮,৯৮৭/-